kids around the world

KIDStory™

# যীশুর গল্প

## অনুশীলনী ১-১০

“বংশানুক্রমে এক পুরুষ অন্য পুরুষের কাছে তোমার ক্রিয়া সকলের প্রশংসা করিবে, তোমার পরাক্রমের কার্য সকল প্রচার করিবে”
গীতসংহিতা ১৪৫:৪

# কিডস্টোরি অনুশীলনী পদ্ধতি

নিম্নলিখিত বিষয়গুলি কিডস্টোরি অনুশীলনীর বিভিন্ন উপাদান। প্রত্যেকটি অনুশীলনীতে এই মৌলিক উপাদানগুলি থাকবে, যা স্বাভাবিকভাবেই একটি বিষয় থেকে অন্য বিষয়ে নিয়ে যাবে।

- **পর্যালোচনা:** আগের অনুশীলনী পর্যালোচনা করা এবং গত সপ্তাহের শিক্ষা বাচ্চারা প্রয়োগ করেছে কিনা, তা দেখা খুবই সাহায্যকারী। এইভাবে বাচ্চারা তাদের জীবনের গল্পকে ঈশ্বরের গল্পের অংশ হিসাবে এবং তাদের জীবনের গল্প কীভাবে অন্যের জীবনের গল্পের সঙ্গে সম্পর্কযুক্ত, তা দেখতে পাবে।

- **সূচনা:** এই সময়ে বাচ্চারা একে-অন্যের সঙ্গে সম্পর্কযুক্ত হবে এবং তাদের গল্প বলবে। এটি কোনও কাজ হতে পারে বা গল্পের বাইরের কোনও প্রশ্ন হতে পারে, যা বাচ্চাদেরকে গল্পের দিকে এগোতে সাহায্য করবে।

- **পটভূমিকা:** বাচ্চাদেরকে গল্পে নিয়ে যাওয়ার জন্য আপনি কি কোনও বিবৃতি তৈরি করেছেন? গল্পটি ভালোভাবে বোঝার জন্য পটভূমিকা, নাকি আগের গল্পের আভাসের প্রয়োজন?

- **গল্পটি বলুন:** গল্পগুলি বাইবেলের এবং সেগুলি যে সত্য, তা শ্রোতাদের বোঝানো খুবই কঠিন। এই সময়ে বাচ্চারা যেন তাদের বাইবেল বন্ধ রাখে এবং গল্পের প্রতি এবং যে গল্প বলছে তার প্রতি মনোসংযোগ করে।

- **আবার বলা:** বাচ্চারা যাতে গল্পটি শিখে, তাদের বন্ধু-পরিবারের কাছে বলতে পারে, সেইজন্য বিভিন্ন ধরনের কার্যাবলী করা খুবই গুরুত্বপূর্ণ। বাচ্চারা যদি পড়তে পারে, তাহলে তাদের বাইবেল থেকে গল্পটি বারে বারে পড়তে বলুন। কেউ গল্পটি পড়তে পারে, অথবা শিক্ষক মহাশয় প্রশ্ন করতে পারেন, যেগুলির উত্তর বাচ্চারা গল্পটি দেখে বলতে পারে। এছাড়া আপনি অন্যান্য কার্যাবলীও করতে পারেন, যাতে বাচ্চারা ব্যক্তিগত/দলগতভাবে যোগদান করতে পারে, যেমন: কিড স্টোরিবোর্ড, খেলা, গান বা আঁকা।

- **আবিস্কার এবং প্রতিক্রিয়ামূলক প্রশ্ন:** শেখার পদ্ধতির মধ্যে, প্রশ্ন জিজ্ঞাসা করা এবং গল্প বলা খুব কঠিন বিষয়! গল্পের অনুভূতি এবং গভীরতা বাদ দিয়ে আমরা গল্প বলতে অভ্যস্ত। ঈশ্বর বাচ্চাদের হৃদয় এবং জীবনে কী করছেন, তা একজন নেতা গল্পের সত্যতার মধ্য দিয়ে নিয়ে যাবেন। উত্তরের জন্য একটা-দুটো প্রশ্ন থাকা আবশ্যক, যেখানে আপনি পবিত্র আত্মার জন্য প্রার্থনা করবেন, যাতে তিনি আপনার দলের প্রত্যেকের অন্তরে কথা বলেন। বেশিরভাগ পাঠ্যসূচিতে প্যাতেক অনুশীলনী থেকে একটি করে আবেদন আছে। এটি গল্প বলা থেকে আলাদা বিষয়। আমরা চাই যেন পবিত্র আত্মা প্রত্যেকের অন্তরে কথা বলেন। দল থেকে বিভিন্ন ধরনের প্রতিক্রিয়া আসাটাই স্বাভাবিক। সেটা হওয়া ভালো! ঈশ্বরের কথা অনুসারে প্রত্যেকে কেমন করছে, তা জানার জন্য সপ্তাহের অন্যান্য দিনে তাদের তত্ত্বাবধান করুন।

# কিডস্টোরি বাচ্চাদের অনুশীলনীর জন্য যীশুর গল্প


| | |
|---|---|
| ১। খ্রীস্টমাস - ঈশ্বর দ্বারা আশীর্বাদপ্রাপ্ত | লুক ১:২৬-৩৮ |
| ২। যীশুর ছোটবেলা | লুক ২:৪১-৫২ |
| ৩। যায়ীরের মেয়ে | লুক ৮:৪০-৪২; ৪৯-৫৬ |
| ৪। অভিষিক্ত | লুক ৭:৩৬-৫০ |
| ৫। একটি ছেলের খাবার | লুক ৯:১০-১৭ |
| ৬। একটি ছোট মানুষ | লুক ১৯:১-১০ |
| ৭। বিধবার টাকা | লুক ২১:১-৪ |
| ৮। শেষ ভোজ | লুক ২২:৭-২৩ |
| ৯। বিচারের সম্মুখীন | লুক ২৩:১৩-২৫ |
| ১০। যীশু জীবিত! | লুক ২৩:৩৯-২৪:৭ |

KIDStory™

# অনুশীলনী ১

## ঈশ্বর দ্বারা আশীর্বাদপ্রাপ্ত

### লুক ১:২৬-৩৮

### পর্যালোচনা

আপনার দলের সাথে হয়তো এটা আপনার প্রথম সাক্ষাৎ। প্রত্যেকে নিজেদের পরিচয় দেবে এবং নিজেদের সম্বন্ধে যে কোনও একটি ভালো লাগার বিষয় বলবে।

### সূচনা

**প্রশ্ন:** তোমার জীবনের সবথেকে বড়ো বিস্ময়কর বিষয় কী?

### আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

### ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**দড়ি খেলা:** ১৫ পিস দড়ি নিয়ে সেগুলি বাঁধুন। সকলে গোল হয়ে দু'হাত দিয়ে যেন দড়িটাকে ধরে থাকে। আপনার কথা বা গান শুরু হলে তারা দড়িটাকে বাঁ দিকে সরাতে থাকবে। যখন আপনি "থামতে" বলবেন, তখন গিঁটের কাছে থাকা বাচ্চাকে গল্পের পরবর্তী অংশ বলতে হবে, যতক্ষণ না আপনি আবার খেলাটি শুরু করেন। গল্পটি শেষ না হওয়া পর্যন্ত এইভাবে করে যান।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**
দ্বিতীয় অংশ

- ১:৪৭ থেকে শুরু
- ২:২১ –এ শেষ

**ভমিকা:**
ঈশ্বর, আদম ও হবাকে এদন উদ্যান থেকে বার করে দিলেও, তিনি যে তাদের ভালোবাসতেন না, তা কিন্তু নয়। তিনি তাদেরকে এবং তাদের পরে যে সমস্ত পরিবার এসেছিল তাদের সবাইকে প্রচুর ভালোবাসতেন। ঈশ্বর চান যেন সবাই জানে যে, তিনি তাদের কত ভালোবাসেন এবং তারা যেন তাঁকে অনুসরণ করে। কিন্তু প্রত্যেকেই ঈশ্বরের অবাধ্য হল। সবাই যেন তাঁর কাছে ফিরে আসে, তার জন্য ঈশ্বর অনেক কিছুই করেছেন: বিভিন্ন নিয়ম, তাদের উপর কর্তৃত্ব করার জন্য রাজা, ঈশ্বর কী চান এবং তিনি সবাইকে তাঁর কাছে ফিরে পেতে চান, তা বলার জন্য বিভিন্ন ব্যক্তিদেরকে। কিন্তু কিছুই কাজ হয়নি। অবশেষে ঈশ্বর তাঁর সবথেকে মূল্যবান উপহার পাঠানোর জন্য সমস্ত কিছু প্রস্তুত করছিলেন। এটি ছিল সবাইয়ের জন্য একটি উপহার, যদি তারা সেটিকে গ্রহণ করে। বড়দিন এগিয়ে আসছিল!

*ঈশ্বর, গালীলের নাসরৎ নগরে, যোষেফের বাগদত্তা মরিয়মের কাছে, গাব্রিয়েল দূতকে পাঠালেন। স্বর্গদূত তার কাছে এসে বলল, "তোমার মঙ্গল হোক! ঈশ্বর তোমাকে আশীর্বাদ করেছেন এবং তিনি তোমার সাথে আছেন"। কিন্তু স্বর্গদূত যা বলল, মরিয়ম তাতে চমকে উঠল এবং স্বর্গদূতের কথার অর্থ বুঝতে পারল না।*

*স্বর্গদূত তাকে বলল, "ভয় পেও না মরিয়ম; ঈশ্বর তোমায় অনুগ্রহ করেছেন। শোনো! তুমি গর্ভবতী হবে এবং একটি পুত্রের জন্ম দেবে, তাঁর নাম রাখবে যীশু। তিনি মহান হবেন এবং তাঁকে পরাৎপরের পুত্র বলা হবে। তাঁর রাজত্বের কখনও শেষ হবে না"।*

### ইঙ্গিত

**গল্পটি মনে রাখার জন্য আপনি একটি ছবি তৈরি করতে পারেন। প্রত্যেক সপ্তাহে আপনি ছবিগুলি যোগ করে একটি টাইমলাইন তৈরি করতে পারেন।**

© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

*মরিয়ম স্বর্গদূতকে বলল, "এ কী করে সম্ভব? আমি তো কুমারী!"*

*স্বর্গদূত মরিয়মকে বলল, "পবিত্র আত্মা তোমার উপরে আসবে, এবং সর্বশক্তিমানের শক্তি তোমাকে আবৃত করবে। এই কারণে সেই সন্তান পবিত্র হবে এবং তাঁকে ঈশ্বরের পুত্র বলা হবে। তোমার আত্মীয়া ইলীশাবেৎ যদিও বৃদ্ধা, কিন্তু তিনি সন্তানসম্ভবা। সবাই মনে করত যে, তিনি বন্ধ্যা, কিন্তু এখন তিনি ষষ্ঠ মাসের অন্তঃস্বত্তা। ঈশ্বর সমস্ত কিছু করতে পারেন!"*

*মরিয়ম বলল, "আমি প্রভুর দাসী। আপনি যা বললেন, আমার প্রতি তাই ঘটুক!" তারপর স্বর্গদূত চলে গেলেন।*

## শেষ প্রার্থনা

**১রাজাবলি ১৫:২২ পদ পড়ুন**

*যীশু, তোমার ইচ্ছা এই যেন আমরা তোমার কথা শুনি এবং তোমার বাধ্য হই। প্রত্যেক বাচ্চাকে আশীর্বাদ কর, যেন তারা তোমায় বিশ্বাস করতে পারে এবং তোমার বাধ্য হতে পারে। যেন শুধু শুধু তোমায় বা অন্যদের খুশি করার চেষ্টা তারা না করে।*

# অনুশীলনী ২
# যীশুর ছোটবেলা

## লুক ২:৪১-৫২

## পর্যালোচনা

গত সপ্তাহে আমরা যীশুর জন্মের বিষয় দেখেছি। গল্পটি সম্পর্কে কার মনে আছে – স্বর্গদূত গাব্রিয়েল কার সাথে দেখা করেছিল এবং তার প্রতিক্রিয়া কেমন ছিল? এই সপ্তাহের কোনও সময়ে কি ঈশ্বর তোমাদের কিছু করতে বলেছেন? তোমরা কী করেছ?

## সূচনা

**প্রশ্ন: তোমরা কোন মজাদার সফরে আছ?**

## আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**সময়:** একটি সময় মাপার যন্ত্র ব্যবহার করুন (অথবা একটি নির্দিষ্ট নম্বর পর্যন্ত গুনুন), দেখুন বাচ্চারা দু'মিনিট বা তার কম সময়ে গল্পটি বলতে পারে কিনা।

- **বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:** তৃতীয় অংশ
- ৪:৫১ থেকে শুরু
- ৫:১৫-এ শেষ

**ভূমিকা:**

যীশু বেৎলেহমে জন্মগ্রহণ করলেও, তাঁর পরিবার নাসরতে চলে যান। যীশু তোমাদের মতো ছোট ছিল এবং তোমাদের মতোই বড়ো হয়েছে (তারা কীভাবে বড়ো হয়েছে, সে বিষয়ে তাদের জিজ্ঞাসা করতে পারেন)। ২:৪০ পদ বলে, যীশু বড়ো হতে লাগলেন, বলবান হতে লাগলেন এবং জ্ঞানে পূর্ণ হতে থাকলেন; এবং ঈশ্বরের অনুগ্রহ তাঁর উপরে ছিল। যীশুর পরিবার প্রতি বছর নিস্তারপর্ব পালন করার জন্য জেরুশালেমে যেতেন। অনেক বছর আগে, ঈশ্বর কীভাবে তাদের পূর্বপুরুষদের মহাপরাক্রমের সাথে রক্ষা করেছিলেন, তা স্মরণ করার অনুষ্ঠান এটি। তারা এক সপ্তাহ জেরুশালেমে থাকত, তারপর আবার নাসরতে ফিরে আসত। এই বছরে কী হয়, এস তা দেখা যাক।

**গল্প:**

*প্রত্যেক বছর যীশুর পরিবার, নিস্তারপর্বের জন্য জেরুশালেমে যেতেন। যীশুর যখন বারো বছর বয়স, তারা সেই পর্বে গেল, আর পর্ব শেষ হলে তারা বাড়ির পথে ফিরতে শুরু করল। কিন্তু যীশু জেরুশালেমে রয়ে গেছে, তার বাবা-মা সেটা জানত না। তারা মনে করেছিল, যীশু দলের অন্য কারও সাথে আছে, এই ভেবে তারা এক দিনের পথ চলে এল। তারপর তারা তাদের আত্মীয় ও বন্ধুদের কাছে যীশুর খোঁজ করতে লাগল। কিন্তু সেখানে খুঁজে না পেয়ে, তারা আবার জেরুশালেমে ফিরে এল। তিনদিন পর তারা তাঁকে ধর্মীয় গুরুদের সাথে মন্দিরে দেখতে পেল। সে তাদের কথা শুনছিল এবং তাদের প্রশ্ন করছিল। তাঁর বুদ্ধি ও জ্ঞানে সকলে আশ্চর্য হয়ে গেল।*

**ইঙ্গিত**

গল্প বলার সময়, আপনার কল্পনাকে ব্যবহার করুন, এবং দেখান যে আপনি চরিত্রের মধ্যে আছেন। আপনি কী দেখছেন, শুনছেন, গন্ধ নিচ্ছেন, অনুভব করছেন?

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

**© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪**

*যীশুকে দেখতে পেয়ে তাঁর বাবা-মা আশ্চর্য হয়ে গেল। তাঁর মা বলল, "তুমি আমাদের সাথে কেন এমন করলে? তোমার বাবা ও আমি খুব চিন্তিত হয়ে তোমায় খুঁজছিলাম"।*

*যীশু তাদের বললেন, "তোমরা কেন আমাকে খুঁজছিলে? তোমরা কি জানতে না যে, আমাকে আমার বাবার ঘরে থাকতে হবে?" কিন্তু তারা যীশুর এই কথার অর্থ বুঝতে পারল না।*

*যীশু তাদের সাথে নাসরতে চলে গেলেন এবং তাদের বাধ্য হয়ে থাকলেন। কিন্তু যা ঘটেছিল, সে সমস্ত কিছু তার মা মনে গেঁথে রাখল। যীশু জ্ঞানে ও বয়সে এবং ঈশ্বর ও মানুষের কাছে অনুগ্রহে বেড়ে উঠতে লাগলেন।*

## শেষ প্রার্থনা

**লুক ২:৪৯ পদ পড়ুন**

*প্রভু, ছোট বালক হিসাবে যীশু কীভাবে বড়ো হয়েছিলেন, তা দেখানোর জন্য ধন্যবাদ। এই সমস্ত বাচ্চাদের সাহায্য কর যেন তারা জ্ঞানে এবং তোমার ও অন্যদের অনুগ্রহে বেড়ে ওঠে। সমস্ত বাচ্চাদের তুমি আশীর্বাদ কর, যেন তারা তোমার সাথে বাবার বাড়িতে থাকতে চায়।*

# অনুশীলনী ৩
# যায়ীরের মেয়ে

## লুক ৮:৪০-৪২, ৪৯-৫৬

### পর্যালোচনা
বাচ্চাদের মধ্যে কেউ যীশুর বড়ো হওয়ার গল্পটি বলতে পারে কি দেখুন। যীশুকে তোমাদের কেমন লাগে?

### সূচনা
**প্রশ্ন:** সেই সময়ের কথা বল, যখন তুমি খুব অসুস্থ ছিলে।

### আবার বলুন
বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

### ব্যক্তিগত/দলগতভাবে বলা:
**রং করা:** গল্পের যে অংশটি বাচ্চাদের বেশি ভালো লেগেছে, তাদেরকে সেটি আঁকতে বলুন। তারা যা এঁকেছে, তা অন্যদেরকে দেখাতে বলুন।

### বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:
চতুর্থ অংশ

- ১০:১২ থেকে শুরু
- ১২:০১-এ শেষ

**ভূমিকা:**
যীশু অনেক আশ্চর্য কাজ করছিলেন; অনেক অসুস্থ মানুষ সুস্থ হচ্ছিল এবং মন্দ আত্মারা মানুষদের বিরক্ত করতে পারত না। কিন্তু অনেক ধর্মীয় নেতা তখনও বিশ্বাস করেনি যে, যীশুকে ঈশ্বর পাঠিয়েছেন। আজকে সেই ধরনের একজন নেতাকে আমরা দেখব। তিনি সিনেগগে কাজ করেন। সিনেগগ হল সেই স্থান, যেখানে যিহূদীরা ঈশ্বরের আরাধনা করে, যেমন আমরা গির্জাতে করে থাকি।

**ইঙ্গিত**
বাচ্চাদের মধ্যে প্রভাব ফেলার জন্য, গল্পটি বলার সময় শ্রোতাদের মধ্য থেকে কাউকে অভিনয় করতে বলুন।

**গল্প:**
*যীশু গালীলে ফিরে এলে, জনতা তাকে স্বাগত জানানোর জন্য অপেক্ষা করছিল। যায়ীর নামে এক ব্যক্তি, যিনি সিনেগগের নেতা ছিলেন, যীশুর কাছে এলেন এবং তাঁর পা ধরে বললেন, ''দয়া করে আমার বাড়িতে আসুন, আমার বারো বছরের মেয়েটি মরতে চলেছে''।*

*যীশু যখন যায়ীরের বাড়ির দিকে যাচ্ছেন... যায়ীরের বাড়ির একজন লোক*

*এসে বলল, ''আপনার মেয়ে মারা গেছে। গুরুকে আর বিরক্ত করবেন না''। সেই কথা শুনে যীশু যায়ীরকে বললেন, ''ভয় পেও না, কেবল বিশ্বাস কর; তোমার মেয়ে সুস্থ হয়ে উঠবে''।*

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

**© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪**

*যীশু সেই বাড়িতে পৌঁছে পিতর, যোহন, যাকোব, যায়ীর এবং মেয়েটির মাকে ঘরের ভিতরে নিয়ে গেলেন। মেয়েটি মারা গেছে বলে অনেকে দুঃখ করছিল, কাঁদছিল। কিন্তু যীশু বললেন, "কান্না বন্ধ কর, মেয়েটি মরেনি, সে ঘুমাচ্ছে"।*

*লোকেরা জানত যে, মেয়েটি মারা গেছে, তাই তারা যীশুর উপর হাঁসল। কিন্তু যীশু মেয়েটির হাত ধরে বললেন, "কন্যা, ওঠ!" মেয়েটির আত্মা তার মধ্যে ফিরে এল এবং সে তখনই উঠে দাঁড়াল। তখন যীশু তাকে কিছু খেতে দিতে বললেন।*

*তারপর তিনি তাদের বললেন, "এই ঘটনার কথা কাউকে বোলো না"। কিন্তু তবুও এই ঘটনার কথা সমস্ত অঞ্চলে ছড়িয়ে পড়ল।*

## শেষ প্রার্থনা

**যোহন ১০:১০ পদ পড়ুন**

*প্রভু, যীশুতে অনন্ত জীবনের জন্য ধন্যবাদ জানাই। এই বাচ্চাদেরকে তোমার আনন্দ, সুখ এবং পরিপূর্ণ জীবনের দ্বারা আশীর্বাদ কর। যে সমস্ত ভালো বিষয় তুমি আমাদের দিয়েছ, তা যেন শয়তান চুরি করতে না পারে।*

**www.kidsaroundtheworld.com**

# অনুশীলনী ৪
# অভিষিক্ত

লুক ৭:৩৬-৫০

## পর্যালোচনা

এতদিনে আমরা তিনটি গল্প শুনেছি। এগুলির মধ্যে কোনটি বাচ্চাদের প্রিয় এবং সেটি যদি তারা আবার শুনতে চায়, তা জানার চেষ্টা করুন।

## সূচনা

**প্রশ্ন:** তুমি কাউকে সম্মান কর, তা কীভাবে তাকে দেখাবে?

## আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**বল খেলা:** আপনার দলকে গোল করে রাখুন। আপনি শুরু করতে বললে, তারা একটি বল নিয়ে একজন থেকে অন্যজনের কাছে দিতে থাকবে। আপনি থামতে বললে, যার কাছে বলটি থামবে, তাকে গল্পের পরবর্তী অংশ বলতে বলুন। গল্পটি শেষ না হওয়া পর্যন্ত এইভাবে করুন।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**

পঞ্চম অংশ

- ১৬:২০-তে শুরু
- ১৮:৪৯-এ শেষ

**ভূমিকা:**

যীশু যখন পৃথিবীতে ছিলেন, তখন কেউ কারোর বাড়িতে গেলে তাকে মহা সম্মান করা হত। তাকে আন্তরিকভাবে অভ্যর্থনা করা হত এবং ঘরে ঢোকার পর তার পা ধুইয়ে দেওয়া হত। যদি কেউ এগুলো না করে, সেটা অতিথির কাছে অসম্মানের বিষয় ছিল। আর একটি বিষয়, সেই সময়ে ভাববাদী নামক কিছু ব্যক্তি ছিলেন, যারা ঈশ্বরের কথা শুনে মানুষদের কাছে বলতেন।

**গল্প:**

*একজন ধর্মীয় গুরু যীশুকে তার বাড়িতে খাওয়ার জন্য নিমন্ত্রণ করলেন। তাই যীশু সেই ফরিসীর বাড়িতে গেলেন এবং খাওয়ার টেবিলে বসলেন। সেই গ্রামের একজন পাপী মহিলা, যীশুর কাছে সুগন্ধি বোতল নিয়ে এল। সে কাঁদতে কাঁদতে যীশুর পায়ে পড়ল। সে তার চোখের জলে যীশুর পা ধুইয়ে, তার চুল দিয়ে যীশুর পা মুছিয়ে, চুমু খেতে লাগল এবং সেই সুগন্ধি লাগাতে লাগল। ধর্মীয় নেতা যখন এই বিষয়টি দেখল, সে মনে মনে ভাবল, "যীশু যদি সত্যিই ভাববাদী হয়ে থাকেন, তাহলে তিনি জানতে পারতেন যে, ঐ মহিলাটি একজন পাপী!"*

*যীশু তাকে বললেন, "আমি তোমাকেএকটা গল্প বলি"।*

*"গুরু, বলুন"।*

### ইঙ্গিত

অনেক সময় আপনার বাড়ির কিছু কিছু জিনিসও গল্পকে জীবন্ত করে তুলতে পারে, যা বাচ্চাদেরকে গল্পটির প্রতি মনোযোগী হতে সাহায্য করে।

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

**© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪**

*যীশু বললেন, "এক মহাজনের দু'জন ঋণী ছিল। একজন পাঁচশো টাকা, আর অন্যজন ৫০ টাকা। তাদের ঋণ শোধ করার ক্ষমতা ছিল না, তাই মহাজন তাদের ঋণ মকুব করে দিলেন। তাদের মধ্যে কে সবথেকে বেশি মহাজনকে ভালোবাসবে?"*

*সেই ধর্মীয় নেতা বলল, "আমার মনে হয়, যার বেশি ধার ছিল সে"।*

*যীশু তাকে বললেন, "তুমি ঠিক বলেছ"। তারপর যীশু সেই মহিলার দিকে তাকিয়ে ধর্মীয় নেতাকে বললেন, "তুমি কি এই মহিলাকে দেখছ? আমি যখন তোমার বাড়িতে এলাম, তুমি পা ধোওয়ার জন্য জল দাওনি, কিন্তু মহিলাটি তার চোখের জলে আমার পা ধুইয়ে তার চুল দিয়ে মুছিয়ে দিয়েছে। তুমি আমাকে অভিবাদন করার জন্য আমাকে চুমু দাওনি, কিন্তু আমি বাড়িতে ঢোকার পর থেকে সে আমার পায়ে চুমু দিয়ে চলেছে। তুমি আমার মাথায় তেল দাওনি, কিন্তু সে আমার পায়ে সুগন্ধি দিয়েছে। আমি তোমাকে বলছি যে, তার সমস্ত পাপ ক্ষমা হয়েছে, তাই সে এত ভালোবাসা দেখাচ্ছে। কিন্তু যে ব্যক্তির অল্প পাপ ক্ষমা হয়েছে, সে অল্পই ভালোবাসে"।*

*তারপর যীশু সেই মহিলাটিকে বললেন, "তোমার সমস্ত পাপ ক্ষমা হয়েছে"।*

*যারা টেবিলে বসেছিল, তারা নিজেদের মধ্যে বলতে লাগল, "ইনি কে, যে পাপ ক্ষমা করতে পারেন?"*

*যীশু সেই মহিলাটিকে বললেন, "তোমার বিশ্বাস তোমাকে পাপ থেকে উদ্ধার করেছে। শান্তিতে ফিরে যাও"।*

## শেষ প্রার্থনা

**কলসীয় ৩:১৩-১৪ পদ পড়ুন**

*প্রভু, এই বাচ্চাদেরকে ভালোবাসা এবং ক্ষমার হৃদয় দাও, যেমন তুমি আমাদের ক্ষমা করেছ। তাদের আশীর্বাদ কর, যেন তারা অন্যদের আশীর্বাদ করতে পারে।*

# অনুশীলনী ৫
# একটি ছেলের খাবার

**লুক ৯:১০-১৭**

## পর্যালোচনা

বাচ্চারা গল্পগুলি পরপর সাজাতে পারছে কিনা দেখুন। কোন গল্পটি তাদের সবথেকে বেশি ভালো লেগেছে? কেন?

## সূচনা

**প্রশ্ন:** তুমি কি কাউকে খাবার বা টাকা দিয়ে সাহায্য করবে? কেন?

## আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**হাতের ইশারা:** গল্পটি বলুন এবং বাচ্চাদেরকে হাতের ইশারায় গল্পের বিভিন্ন অংশ বলতে বলুন। তারপর বাচ্চাদেরকে দু'জন করে ভাগ করে একে-অন্যকে হাতের ইশারায় গল্পটি বলতে বলুন।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**
ষষ্ঠ অংশ

- ২২:১২ থেকে শুরু
- ২৫:১৯-এ শেষ

**ভূমিকা:**
যীশু লোকদের শিক্ষা দিচ্ছিলেন এবং অনেক অলৌকিক কাজ করছিলেন। তিনি মানুষদের সুস্থ করছিলেন এবং ভূতদের তাড়াচ্ছিলেন। লোকেরা তাঁর শিক্ষা ভালোবাসত। কিন্তু এখন তিনি তাঁর বাছাই করা শিষ্যদের সাথে কিছুক্ষণ একা থাকতে চাইলেন। কিন্তু তিনি কোথায় যাচ্ছেন, সে বিষয়ে অনেকে চিন্তা করছিল।

**গল্প:**
*যীশু শিষ্যদের নিয়ে একা থাকতে চাইলেন। কিন্তু লোকেরা জানতে পারল যে যীশু কোথায় আছেন, তাই তারাও তাঁকে অনুসরণ করল। যীশু তাদেরকে ঈশ্বরের রাজ্যের কথা বললেন এবং অনেককে সুস্থ করলেন।*

*পরে দুপুরবেলা যীশুর বারোজন শিষ্য তাঁকে গিয়ে বললেন, "লোকদের বিদায় করুন, যেন তারা গ্রামে গিয়ে রাত কাটায় ও কিছু খেয়ে নেয়। কেননা এই ফাঁকা জায়গায় কেউ থাকে না"।*

### ইঙ্গিত

বাচ্চারা কী বলছে, তা শোনার চেষ্টা করুন। আপনার বলার আগে, তাদের কথা শুনুন।

*কিন্তু যীশু তাদের বললেন, "তোমরা ওদের খেতে দাও"।*

*তারা বলল, "আমরা এই ছেলেটির কাছ থেকে পাঁচটি রুটি ও দুটো মাছ পেয়েছি। এবং এতগুলো লোকের খাবারের জন্য এক বছরের মাইনে লাগবে"। কারণ সেখানে পাঁচ হাজার লোক ছিল।*

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

**© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪**

*যীশু তাঁর শিষ্যদের বললেন, যেন তারা সবাইকে ঘাসের উপর বসিয়ে দেয়। তারপর তিনি পাঁচটি রুটি আর মাছ দুটো নিয়ে স্বর্গের দিকে তাকিয়ে ঈশ্বরকে ধন্যবাদ দিলেন। তারপর লোকদেরকে ভাগ করে দেওয়ার জন্য তিনি খাবারগুলি শিষ্যদেরকে দিলেন। তারা সবাই পেট ভরে খেল এবং সবাইয়ের খাওয়ার পরও বারো ঝুড়ি খাবার বেঁচে রইল।*

## শেষ প্রার্থনা

**প্রেরিত ২:৪৪ পদ পড়ুন**

প্রভু তুমি আমাদের অনেক কিছু দিয়ে আশীর্বাদ করেছ। তুমি এই সমস্ত বাচ্চাদের আশীর্বাদ কর, যেন তারা অন্যের প্রয়োজনে সাহায্য করতে পারে। তুমি হৃষ্টচিত্ত দাতাকে ভালোবাস। অন্যদের সাহায্য করার আশীর্বাদ তুমি আমাদের করেছ, তাই তোমায় ধন্যবাদ দিই।

# KIDStory

# অনুশীলনী ৬
# একটি ছোট মানুষ

## লুক ১৯:১-১০

## পর্যালোচনা
গত সপ্তাহে বাচ্চারা কীভাবে যীশুকে অনুসরণ করেছে? তাদের ব্যক্তিগত প্রতিক্রিয়া কী? ঈশ্বর তাদের যে আজ্ঞা পালন করতে বলেছেন ও তাঁর প্রতি আস্থা রাখতে বলেছেন, তা কীভাবে তারা করেছে?

## সূচনা
**প্রশ্ন:** তোমার কাছে কোন বিষয়টা অন্যকে দেওয়া সবথেকে কঠিন?

## আবার বলুন
বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:
**নাটক করা:** আপনার দলের বাচ্চাদেরকে বিভিন্ন চরিত্র দিন। অভ্যাস করার জন্য তাদেরকে কিছুটা সময় দিন এবং তারপর নাটকের মাধ্যমে তাদেরকে গল্পটা বলতে বলুন।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**
সপ্তম অংশ
- ২৮:১৪-তে শুরু
- ৩০:১৪-তে শেষ

**ভূমিকা:**
জেরুশালেমে যাওয়ার পথে যীশু জেরিকো নামে একটা গ্রামে থামলেন। সেখানকার অনেক মানুষ তাঁকে দেখতে পেলেও, একজন মানুষের পক্ষে তাঁকে দেখা কষ্টকর ছিল। চল দেখা যাক, সে কী করে।

**গল্প:**
*যীশু জেরিকোর মধ্য দিয়ে যাচ্ছিলেন, সেখানে সক্কেয় নামে একজন থাকত। সে একজন কর-আদায়কারী ছিল এবং তাঁর অনেক টাকা ছিল। সে যীশুকে দেখতে চেয়েছিল, কিন্তু বেঁটে হওয়ার জন্য সে জনতাকে টপকে যীশুকে দেখতে পাচ্ছিল না। তাই সে দৌড়ে গিয়ে একটা সুকমোর গাছে উঠল। যীশু যখন সেখানে এলেন, উপরের দিকে তাকিয়ে বললেন, "সক্কেয়, তাড়াতাড়ি নেমে এস! আজকে আমি তোমার বাড়িতে থাকব"।*

*সক্কেয় নেমে এসে যীশুকে স্বাগত জানাল। তা দেখে অন্যান্য লোকেরা অভিযোগ করতে লাগল যে, "যীশু একজন পাপীর ঘরে থাকতে গেলেন"।*

*কিন্তু সক্কেয় প্রভুকে বলল, "আমি আমার সম্পত্তির অর্ধেক গরিবদের দান করব এবং যদি কারোর কাছ থেকে অন্যায় করে কিছু নিয়ে থাকি, তার চারগুণ তাদের ফিরিয়ে দেব"।*

*যীশু তাকে বললেন, "আজ তোমার গৃহে পরিত্রাণ উপস্থিত হল। যারা হারিয়ে গিয়েছিল, আমি তাদের খুঁজতে ও রক্ষা করতে এসেছি"।*

**ইঙ্গিত**
গল্প বলার সময় আপনার মুখের ভাবভঙ্গি গল্পের মধ্যে প্রাণ আনে!

© কিডস্‌ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

## শেষ প্রার্থনা

**১তীমথি ৬:৬-৮ পদ পড়ুন**

প্রভু, আমাদের যা আছে তাতে সন্তুষ্ট থাকতে সাহায্য কর। তুমি এই সমস্ত বাচ্চাদের উদার আত্মা দিয়ে আশীর্বাদ কর, তুমি আমাদের সমস্ত প্রয়োজন মিটিয়ে থাক, তা জেনে যেন তারা অন্যদের দিতে পারে এবং আশীর্বাদ করতে পারে।

# অনুশীলনী ৭
# বিধবার টাকা

লুক ২১:১-৪

## পর্যালোচনা

শেষ কয়েকটি গল্পে ফিরে যান। দেখুন বাচ্চারা যদি গল্পগুলি মনে করতে পারে। অনেকেই দান সম্পর্কে জানে। দেখুন ঈশ্বর আপনার বাচ্চাদেরকে দান সম্পর্কে কী বলছেন।

## সূচনা

**প্রশ্ন:** তোমার কাছে ১০০০ টাকা থাকলে, তুমি তা দিয়ে কী করবে?

## আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**একজন বন্ধুকে বলা:** এটি একটি ছোট গল্প। আপনার দলের বাচ্চাদের জোড়ায় জোড়ায় রাখুন। একজন-অন্যজনকে যতটা সম্ভব ভালোভাবে গল্পটি বলবে, তারপর অন্যজন আগের জনকে বলবে। তারপর দুই জোড়া দলকে ডাকুন। তারপর এক দল অন্য দলকে, তারপর অন্য দল আগের দলকে গল্প বলুক।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**

অষ্টম অংশ

- ৩২:৪৭ থেকে শুরু
- ৩৩:২৫-এ শেষ

**ভূমিকা:**

গির্জাতে উপহার/দান আনার বিষয়ে বাচ্চাদের সাথে অল্প করে আলোচনা করুন। আপনার ব্যবহারের জন্য এখানে কয়েকটি প্রশ্ন দেওয়া হল:

- তুমি কেন দান নিয়ে আস?
- তুমি কত দান দাও?
- দান/উপহার কোন কাজে ব্যবহার হয়?
- ঈশ্বর আমাদের কাছ থেকে কতখানি দান আশা করেন?

**গল্প:**

*একদিন যীশু মন্দিরের দান বাক্সের কাছে বসেছিলেন। যীশু দেখলেন, অনেক ধনী লোক অনেক টাকা দান দিচ্ছে। তারপর তিনি দেখলেন একজন দরিদ্রা বিধবা দুটো টাকা দিচ্ছে, যার মূল্য খুবই কম ছিল। যীশু তাঁর শিষ্যদের বললেন, "আমি তোমাদের সত্য বলছি, এই দরিদ্রা বিধবা অন্যান্য ধনীদের থেকে বেশি দিয়েছে। তাদের যা প্রয়োজন ছিল না, তারা তাই দিয়েছে। কিন্তু এই মহিলা খুবই গরিব, তবুও তার যেটুকু সম্বল ছিল, সে তাই দিল"।*

**ইঙ্গিত**

নীরবতা – এই বিষয়ে ভয় পাবেন না। বাচ্চারা কীভাবে উত্তর দেবে, সে বিষয়ে তাদের চিন্তা করতে দিন। এই নীরবতার মধ্যে ঈশ্বরের আত্মা কাজ করুক।

© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

.

## শেষ প্রার্থনা

**যাকোব ১:২৭ পদ পড়ুন**

*প্রভু, আমাদের চোখ, কান এবং হৃদয়কে আশীর্বাদ কর। আমরা যেন আমাদের চারপাশের মানুষদের প্রয়োজন উপলব্ধি করতে পারি এবং তোমার ইচ্ছানুসারে যেন দিতে পারি।*

**www.kidsaroundtheworld.com**

KIDStory™

# অনুশীলনী ৮
# শেষ ভোজ

## লুক ২২:৭-২৩

### পর্যালোচনা
গত সপ্তাহে আমরা যে গল্পটা শুনেছি, সেটা কার মনে আছে? কে গল্পটি বলবে?

### সূচনা
**প্রশ্ন:** তোমাদের পছন্দমতো খাবার যদি তোমরা পেয়ে যাও, তাহলে কী হবে?

### আবার বলুন
বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

### ব্যক্তিগত/দলগতভাবে বলা:
**রং করা:** একটা রং করার কাগজ এবং কয়েকটা রং পেন্সিল নিয়ে, বাচ্চাদেরকে একটি পোস্টার বানাতে বলুন, যার মধ্য দিয়ে গল্পের বিভিন্ন অংশ বোঝা যাবে। সময় থাকলে বাচ্চাদেরকে বলুন, পোস্টারটি দেখিয়ে গল্পটি বলতে।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**
নবম অংশ
- ৩৫:৫৪-তে শুরু
- ৩৬:৪৪-এ শেষ

**ভূমিকা:**
নিস্তারপর্ব যিহুদীদের কাছে এক বিশেষ পর্ব। এইসময় তারা সেই সময়কে স্মরণ করে আনন্দ করে, যখন ঈশ্বর তাদের খারাপ সময়ের মধ্য থেকে উদ্ধার করেছিলেন। তারা এখনও এই পর্বটি পালন করে। নিস্তারপর্বের অর্থ হল এই, যিহূদীরা নিখুঁত ভেড়ার রক্ত তাদের ঘরের দরজায় লাগানোর ফলস্বরূপ, মৃত্যুর দূত তাদের বাড়ি পার করে চলে গিয়েছিল। রক্তের চিহ্নের জন্য সেই দূত যিহূদীদের বাড়িগুলি "নিস্তার" করেছিল। যীশুকে নিস্তারপর্বের মেষ বলা হয়, যিনি জগতের পাপভার নিয়ে যান। যীশু যে কিছুদিন পর মারা যাবেন, সেই কথা তিনি বারবার তাঁর শিষ্যদের বোঝাতে চাইছিলেন। এখন তিনি নিস্তারপর্বে তাঁর শেষ ভোজের জন্য সমস্ত কিছু প্রস্তুত করছিলেন।

**ইঙ্গিত**
আপনি যখন গল্প বলছেন, তখন অনেক সময় বাচ্চারা তাদের চোখ বন্ধ করে রাখে। গল্পটি কল্পনা করতে এটি তাদের সাহায্য করে।

**গল্প:**
*নিস্তারপর্ব এগিয়ে আসছিল, তাই যীশু, পিতর ও যোহনকে বললেন, "তোমরা গিয়ে আমাদের জন্য নিস্তারপর্বের ভোজ প্রস্তুত কর"। তারা বলল, "কোথায় প্রস্তুত করব?" যীশু তাদের বললেন, "শহরে যাওয়ার পর তোমরা দেখতে পাবে, একজন লোক কলসী করে জল নিয়ে আসছে, যে বাড়িতে সে যায়, তোমরা সেই বাড়িতে যাও এবং বাড়ির মালিককে বল, 'গুরু বলেছেন: "আমার শিষ্যদের সাথে নিস্তারপর্বের ভোজ করার জন্য অতিথিশালাটি কোথায়?"' তাতে সে তোমাদের উপরের একটা বড়ো ঘর দেখিয়ে দেবে, সেইখানে ভোজের প্রস্তুত কর"।*

© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের _______________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

*যীশু যেমন বলেছিলেন, পিতর ও যোহন গিয়ে তেমন দেখতে পেল এবং তারা সেখানে নিস্তারপর্বের ভোজ প্রস্তুত করল।*

*সময় এলে, যীশু ও তাঁর শিষ্যরা খাওয়ার টেবিলে বসেছিলেন। তিনি তাদের বললেন, "আমার দুঃখভোগের আগে আমি এই নিস্তারপর্বের ভোজ তোমাদের সাথে পালন করতে চেয়েছি। যতদিন পর্যন্ত না ঈশ্বরের রাজ্যে এর প্রকৃত অর্থ প্রকাশিত না হয়, ততদিন আমি এই ভোজ খাব না"।*

*তারপর যীশু রুটি নিয়ে ঈশ্বরকে ধন্যবাদ দিলেন, সেটি ভেঙ্গে শিষ্যদের দিয়ে বললেন, "এটা আমার শরীর, আমি তোমাদের দিচ্ছি, এটি আমার স্মরণের জন্য কোরো"। একইভাবে তিনি পানপাত্র নিয়ে বললেন, "এটি নূতন নিয়মের চুক্তি, যা ঈশ্বর তাঁর সন্তানদের সঙ্গে করেন। তোমাদের জন্য আমার রক্ত দিয়ে এই নূতন চুক্তি করা হল"।*

(আপনি এখানে থামতে পারেন বা পরবর্তী পদগুলিও বলতে পারেন)

*"কিন্তু একজন আমার বিপক্ষে উঠবে এবং তাঁর হাত এই টেবিলের উপরেই আছে। মনুষ্যপুত্রের জন্য ঈশ্বর যা পরিকল্পনা করেছেন, তা হবেই, কিন্তু যে ব্যক্তি মনুষ্যপুত্রের বিরুদ্ধে ওঠে, তার পক্ষে এটা ভয়ানক"।*

*তখন শিষ্যরা নিজেদের মধ্যে বলাবলি করতে লাগল, "কে সেই ব্যক্তি?"*

## শেষ প্রার্থনা

**২করিন্থীয় ৩:৪-৬ পদ পড়ুন**

*পিতা, তোমার শক্তি দিয়ে এই বাচ্চাদের আশীর্বাদ কর, যেন তারা তোমার দূত হতে পারে– তারা যেন তোমার ধার্মিকতা ও মহত্ত্বের কথা বলতে পারে। তারা যেন যীশুর জন্য জীবনযাপন করতে পারে, সেই সাহস তুমি তাদের দাও। পবিত্র আত্মার জীবন দিয়ে তাদের আশীর্বাদ কর।*

# অনুশীলনী ৯
# বিচারের সম্মুখীন

## লুক ২৩:১৩-২৫

## পর্যালোচনা

এখানে যে গল্পগুলো শুনেছ, তার মধ্যে কি কোনও গল্প কাউকে বলেছ? সেটা কেমন ছিল? যাকে বলেছ, তার প্রতিক্রিয়া কেমন ছিল?

## সূচনা

**প্রশ্ন:** তোমার সাথে কোন খারাপ ঘটনা ঘটতে পারত: তুমি করনি, এমন কোনও বিষয়ের জন্য দোষী হওয়া বা কোনও নাম হওয়া?

## আবার বলুন

বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

## ব্যক্তিগত/দলগতভাবে বলা:

**ক্রম অনুযায়ী সাজানো:** গল্পের প্রতিটি অংশ আলাদা আলাদা কাগজে লিখুন। প্রত্যেক বাচ্চাকে একটি করে কাগজ দিন এবং তাদেরকে গল্পটি সাজাতে বলুন।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**

দশম অংশ

- ৪২:৫৫-তে শুরু
- ৪৪:১৮-তে শেষ

**ভূমিকা**

যীশুকে সরকারি নেতাদের সামনে নিয়ে আসা হয়। যীশু খারাপ কিছু করেনি, তা তারা বিশ্বাস করল। যীশু যা বলেছেন এবং করেছেন, সে সম্বন্ধে লোকেরা মিথ্যা কথা বলছিল।

লোকেরা তাঁর সম্পর্কে মিথ্যা বললেও, যীশু কিন্তু কিছু বললেন না। সপ্তাহের প্রথমে, তাঁকে দেখার জন্য তারা এতই উৎসাহিত ছিল যে, তারা তাঁর জন্য পদযাত্রা করেছিল। কিন্তু এখন পরিস্থিতি পাল্টে গেছে।

**গল্প:**

*পীলাত, ধর্মীয় নেতাদের সাথে অন্যান্য লোকদেরও ডাকল। তিনি তাদের বললেন, ‘‘এই লোকটা লোকদের মধ্যে গণ্ডগোল পাকাচ্ছে, এই অভিযোগে তোমরা একে আমার কাছে এনেছ। কিন্তু আমি তোমাদের সামনে একে প্রশ্ন করলাম, এবং আমি এর কোনও দোষ দেখতে পাচ্ছি না। দেখ, এই লোকটি মৃত্যুদণ্ডযোগ্য কোনও অপরাধ করেনি। তাই কিছু শাস্তি দিয়ে আমি তাকে ছেড়ে দেব’’। প্রত্যেক বছর নিস্তারপর্বের সময়, পীলাত একজন অপরাধীকে মুক্তি দিতেন।*

**ইঙ্গিত**

গল্প বলার সময়, আপনার কল্পনাকে ব্যবহার করুন, এবং দেখান যে আপনি চরিত্রের মধ্যে আছেন। আপনি কী দেখছেন, শুনছেন, গন্ধ নিচ্ছেন, অনুভব করছেন?

*কিন্তু লোকেরা চিৎকার করে উঠল, ‘‘ওকে দূর কর! বারাব্বাসকে মুক্ত কর’’,*

*বারাব্বাস একজন খুনী ছিল।*

*পীলাত যীশুকে মুক্ত করতে চাইছিলেন। কিন্তু লোকেরা আবার চিৎকার করে উঠল, ‘‘ওকে ক্রুশে দাও! ওকে ক্রুশে দাও!’’*

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের ________________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

**© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪**

*পীলাত তৃতীয়বার বলে উঠলেন, “কেন? এ কী দোষ করেছে? তাকে হত্যা করার কোনও দোষ আমি পাইনি। তাই আমি তাকে শাস্তি দিয়ে ছেড়ে দেব”।*

*কিন্তু তারা চিৎকার করে যীশুকে ক্রুশে দিতে বলল। তারা এত জোরে চিৎকার করে উঠল যে, পীলাত তাদের কথা মেনে নিল। তিনি বারাব্বাসকে মুক্তি দিলেন এবং যীশুকে সেই লোকদের হাতে তুলে দিলেন।*

.

## শেষ প্রার্থনা

**যিশাইয় ৩০:১৯ পদ পড়ুন**

*পিতা ঈশ্বর, তোমার সান্ত্বনা দিয়ে এই বাচ্চাদের আশীর্বাদ কর। তোমার স্বর শুনে যেন তারা সান্ত্বনা পায় এবং কীভাবে তোমাকে অনুসরণ করবে, তা যেন বুঝতে পারে সেই আশীর্বাদ তুমি তাদের কর।*

**www.kidsaroundtheworld.com**

# অনুশীলনী ১০
# যীশু জীবিত!!

## লুক ২৩:৩৯-২৪:৭

**ভূমিকা:**
যীশুকে ক্রুশে হত্যা করার সাজা দেওয়া হয়। রক্ষীরা তাঁকে চাবুক দিয়ে মারে। লোকেরা তাঁর বিরুদ্ধে খারাপ কথা বলে। সেটা খুবই দুঃখের দিল ছিল। যদিও তারা এত খারাপ কাজ করেছিল, কিন্তু যীশু তবুও বললেন, "পিতা, এদেরকে ক্ষমা কর, কেননা এরা কী করছে তা জানে না"। এই দিনটাকে "পুণ্য শুক্রবার"রূপে আজও স্মরণ করা হয়। এই দিনটির নাম কেন এইরকম, তা জানার জন্য গল্পটি শোনো।

**গল্প:**
*ক্রুশের উপরে এক দস্যু যীশুকে অপমান করতে লাগল: "তুমি তো খ্রীস্ট? তাহলে নিজেকে বাঁচাও, আর আমাদেরও বাঁচাও"।*
*কিন্তু অন্য দস্যুটি তাকে থামিয়ে বলল, "তোমার ঈশ্বরকে ভয় করা উচিত! তুমি ওঁনার মতো একই শাস্তি পাচ্ছ। আমরা যা করেছি, তার জন্য শাস্তি পাচ্ছি; কিন্তু উনি তো খারাপ কিছু করেননি"। তারপর সে যীশুকে বলল, "যীশু, আপনি যখন আপনার রাজ্যে আসবেন, আমাকে স্মরণ করবেন"।*
*যীশু তাঁকে বললেন, "আমি তোমাকে সত্য বলছি, আজকেই তুমি আমার সাথে পরমদেশে যাবে"।*

*দুপুরবেলা, সূর্যের আলো বন্ধ হয়ে গেল এবং দুপুর ৩টে পর্যন্ত সমস্ত দেশ অন্ধকার হয়ে রইল। মন্দিরের পর্দা চিরে দু'ভাগ হয়ে গেল। আর যীশু চিৎকার করে কেঁদে উঠলেন, "পিতা, তোমার হাতে আমার আত্মা সমর্পণ করলাম"। তারপর তিনি মারা গেলেন।*

### ইঙ্গিত
গল্পের ছবি বাচ্চাদেরকে গল্প বুঝতে সাহায্য করে। সেটা বাইবেলের ছবি হতে পারে, গল্প বলার সময় আপনি ছবি আঁকতে পারেন, বা অন্য বই থেকে কোনও ছবির সেট হতে পারে। এক্ষেত্রে আপনি যা কিছু ব্যবহার করতে পারেন!

### পর্যালোচনা
প্রত্যেক অনুশীলনীর শেষে, ঈশ্বর কী বলতে চাইছেন সে বিষয়ে আমরা আলোচনা করছি। এগুলির মধ্য থেকে তোমরা কোন দিক দিয়ে ঈশ্বরের বাধ্য হবে?

### সূচনা
**প্রশ্ন:** কোন বিষয় থেকে তুমি সবথেকে বেশি উদ্দীপিত হও?

### আবার বলুন
বাচ্চাদের কাছে বাইবেল থাকলে, তাদের গল্পটি খুলতে বলুন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে গল্পটির মধ্যে যান, গল্পটি সম্পূর্ণ করুন এবং ভুল মন্তব্যগুলি ঠিক করুন।

### ব্যক্তিগত/দলগতভাবে বলা:
**বল টস:** বাচ্চাদের গোল করে রাখুন। যে কোনও বাচ্চাকে একটি বল দিন, সে গল্পের প্রথম বিষয়টি বলবে। তারপর টস করে যার নাম উঠবে, সে গল্পের পরের অংশটি বলবে। গল্পটি শেষ না হওয়া পর্যন্ত এইভাবে করে যান।

**বাচ্চাদের জন্য যীশুর গল্পের ডিভিডি:**
একাদশ অংশ
- ৫৫:৪০ থেকে শুরু
- ৫৭:০২-এ শেষ

## প্রশ্নগুলি করুন

- গল্পটি বলার সময়, কোন বিষয়টি তোমাদের কাছে আশ্চর্যের মনে হয়েছে?
- গল্পের কোন অংশটি তোমাদের ভালো লেগেছে? কোন বিষয়টি ভালো লেগেছে?
- এমন কোনও বিষয় ছিল, যেটি তোমাদের বুঝতে অসুবিধা হয়েছে?
- লোকেরা কোন বিষয়টি পছন্দ করেছিল? তারা আর কী করেছিল? তাদের পছন্দের কারণে কী হয়েছিল?
- ঈশ্বর সম্পর্কে আমি শিখেছি যে... এর জন্য ঈশ্বরের প্রতি তোমার ভালোবাসা এবং জীবনযাপনে (সেবা) কী পার্থক্য আসবে?
- তুমি কি এই ঈশ্বরকে জানতে চাও? তোমার জীবনে কি এমন কিছু হচ্ছে, যেখানে ঈশ্বর তোমাকে সাহায্য করতে পারেন?

## ব্যক্তিগত উত্তরের জন্য প্রশ্ন

- আজকে যা শিখলে, তা থেকে ঈশ্বর তোমাকে কী করতে বলছেন মনে হয়?
- আমি বিশ্বাস করি যে, ঈশ্বর (পবিত্র আত্মা) আমাকে বলছেন যে...
- ঈশ্বর চান, যেন তুমি তাঁর গল্পের অংশ হও। ঠিক আজকের গল্পের _______________ মতো। ঈশ্বর কীভাবে তোমাকে তাঁর গল্পের অংশ করতে চান?
- এই সপ্তাহের মধ্যে কে এই গল্পটি বলতে পারবে?

## গল্পটি চলছে...

© কিডস্ অ্যারাউণ্ড দ্য ওয়ার্ল্ড ২০১৪

*এই সমস্ত দেখে সেনাপ্রধান ঈশ্বরের গৌরব করে বলে উঠল, "সত্যিই, ইনি ভালো মানুষ ছিলেন!"*

*এ সমস্ত দেখে সেখানে উপস্থিত সবাই বুক চাপড়াতে চাপড়াতে বাড়ি ফিরে গেল, কারণ তারা দুঃখ পেয়েছিল। যারা যীশুর কাছের লোক ছিল, তারা দূর থেকে এই সমস্ত কিছু দেখছিল।*

*সেখানে যোষেফ নামে একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, যিনি ঈশ্বরের রাজ্যের অপেক্ষা করছিলেন। তিনি অন্যান্য নেতাদের মতো যীশুর বিরুদ্ধে যাননি। যোষেফ যীশুর দেহ নেওয়ার অনুমতি পেলেন। তিনি যীশুর দেহ ক্রুশ থেকে নামিয়ে, কাপড়ে জড়িয়ে, পাহাড়ে খোদাই করা একটি কবরে রেখে দিলেন। এই কবরটি আগে কখনও ব্যবহার করা হয়নি। অন্যান্য মহিলারা যোষেফকে অনুসরণ করে যীশুকে কোন কবরে রাখা হয়েছে, তা দেখল। তারপর তারা সুগন্ধি দ্রব্য ও তেল তৈরি করার জন্য চলে গেল।*

*সেই দিনটা ছিল শুক্রবার, তাই লোকেরা বিশ্রামবার পালন করার প্রস্তুতি নিচ্ছিল। সূর্য অস্ত গেলে বিশ্রামবার শুরু হয় এবং মোশির আইন অনুযায়ী সেই দিনে প্রত্যেককে বিশ্রাম নিতে হয়।*

*সপ্তাহের প্রথম দিন রবিবার ভোরবেলায়, মহিলারা যে সমস্ত সুগন্ধি তৈরি করেছিল, সেগুলি নিয়ে কবরের কাছে এল। তারা দেখল কবরের দরজাটা খোলা। কিন্তু ভিতরে গিয়ে তারা যীশুর দেহ দেখতে পেল না। তারা এই বিষয়ে ভাবছে, হঠাৎ দু'জন মানুষ উজ্জ্বল কাপড় পরে তাদের পাশে এসে দাঁড়াল। তাদের দেখে মহিলাগুলো ভয় পেয়ে মাথা নিচু করে নিল। লোক দুটো তাদের বলল, "তোমরা কেন মৃতদের মধ্যে জীবিতের খোঁজ করছ? যীশু এখানে নেই; তিনি মৃত্যু থেকে উঠেছেন। তিনি তোমাদের যা বলেছিলেন, তা কি তোমাদের মনে পড়ছে? তিনি বলেছিলেন, মনুষ্যপুত্রকে পাপীদের হাতে সমর্পিত হতে হবে, ক্রুশে মরতে হবে এবং তৃতীয় দিনে তিনি মৃত্যু থেকে উঠবেন"।*

## শেষ প্রার্থনা

**যোহন ৩:১৬-১৭ পদ পড়ুন**

*সর্বশক্তিমান ঈশ্বর, যীশুকে পাঠানোর জন্য তোমাকে ধন্যবাদ জানাই। তিনি মৃত নন, কিন্তু জীবিত, তার জন্য আমরা তোমার প্রতি কৃতজ্ঞ!! তুমি এই বাচ্চাদের কতখানি ভালোবাস, আর তাদের কাছ থেকে তুমি কতখানি ভালোবাসা পেতে চাও, তা জানতে তুমি তাদের আশীর্বাদ কর।*

kids around the world

www.kidsaroundtheworld.com

**BENGALI**